

আজ থেকে শুরু হল লাইফস্টাইল এবং নিত্য প্রয়োজনীয় পণ্যের ৫ দিন ব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য মেলা

“১০ম এশিয়ান আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৬”

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বিগত বছর গুলির ব্যাপক সাফল্যের পর কনফারেন্স এন্ড এক্সিবিশন ম্যানেজমেন্ট সার্ভিসেস লিঃ- ইউ.এস.এ. (সেমস্- গ্লোবাল, ইউ.এস.এ), সেমস্ বাংলাদেশের সার্বিক সহযোগীতায় ১০ম বারের মত আয়োজন করছে লাইফস্টাইল, নিত্য প্রয়োজনীয় পণ্য এবং ডিজিটাল পণ্যের উপর বাংলাদেশের একমাত্র ৫ দিন ব্যাপী বাণিজ্য মেলা “১০ম এশিয়ান আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৬” যা আজ ৩১শে মে থেকে ৪ঠা জুন ২০১৬ পর্যন্ত ঢাকাস্থ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িলে অনুষ্ঠিত হচ্ছে।

এশিয়া হচ্ছে বিশ্বের মধ্যে সবচেয়ে উন্নয়নশীল অঞ্চল, যার শুধুমাত্র এশিয়া প্যাসিফিক অঞ্চলেই বার্ষিক জি.ডি.পি. গড় ৬.৩ শতাংশ এবং দক্ষিণ এশিয়ার গড় ৬.৫ শতাংশ, যা বাকী বিশ্বের তুলনায় ৩.১ শতাংশ বেশি। ২০০১ সাল থেকে পৃথিবীর অর্থনৈতিক উন্নয়নের পেছনে এশিয়ার অবদান অর্ধেকেরও বেশি। এশিয়া পৃথিবীর জি.ডি.পি. বৃদ্ধিতে প্রায় ২১ শতাংশ সাহায্য করেছে।

বর্তমান সময়ে সকল পণ্যের চাহিদা বৃদ্ধির কারণে এশিয়ার ক্রমবর্ধমান ভোগ্যপণ্যের বাজার ধারণাতীত ভাবে বৃদ্ধি পাচ্ছে। দক্ষিণ এশিয়ার বর্তমান জনগোষ্ঠীর পণ্য ক্রয়ের ক্ষমতা ক্রমবর্ধমান এবং উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। তারা নতুন নতুন পণ্যের জন্য বিনিয়োগ করছে এবং এটা প্রতীয়মান যে তারা তাদের সকল সঞ্চয় বিনিয়োগের জন্যও প্রস্তুত যা ব্যাংক ও ক্রেডিট কার্ড কোম্পানির সহযোগীতায় আরও ত্বরান্বিত হচ্ছে।

“১০ম এশিয়ান আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৬” মেলাটি হবে উৎপাদনকারী ও সরবরাহকারীদের পণ্য ও সেবা প্রদর্শনের জন্য একটি আদর্শ মঞ্চ এবং মেলা টি সংশ্লিষ্ট প্রতিনিধি, পরিবেশক, আমদানীকারক, বানিজ্যিক প্রতিষ্ঠান, পাইকারী, খুচরা বিক্রেতা, হোটেল, রেস্টুরেন্ট সমূহের বানিজ্যিক প্রতিনিধি, সেবা গ্রহনকারীদের এবং ভারত, পাকিস্তান, শ্রীলংকা, সিঙ্গাপুর, থাইল্যান্ড, মায়ানমার, ভুটান, মালয়েশিয়া ও ভিয়েতনাম থেকে আগত অন্যান্য ক্রেতাদের জন্য একটি মিলনস্থল।

সেমস ইউ.এস.এ. “এশিয়ান আন্তর্জাতিক বাণিজ্য মেলা” নামক সিরিজ মেলাটি এশিয়ার বিভিন্ন দেশে আয়োজন করে থাকে। এর মূল লক্ষ্য হচ্ছে এশিয়া অঞ্চলের ভিতরে কার্যক্রম পরিচালনার মাধ্যমে উন্নয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানীসমূহের জন্য একটি চালিকাশক্তি এবং উৎপাদনকারীদের জন্য একটি কৌশলগত পদক্ষেপ হিসাবে কাজ করা। একইসাথে কার্যপদ্ধতির উন্নতি এবং প্রদর্শনকারীদের অন্যান্য প্রতিযোগীদের তুলনায় এশিয়া নামক বিশাল মার্কেটের শ্রেষ্ঠতর অবস্থানে পৌঁছে দেয়া।

১০টি দেশ থেকে প্রায় ১০০টি প্রতিষ্ঠান এই মেলাতে অংশ নিয়ে বিভিন্ন পণ্য ও সেবাসমূহ যেমনঃ ইলেকট্রনিক্স, যোগাযোগ প্রযুক্তি, খাদ্য ও পানীয়, স্বাস্থ্য সেবা পণ্য, প্রসাধন সামগ্রী, গৃহসামগ্রী, ফ্যাশন ও আনুসঙ্গিক, কারু ও হস্তশিল্প, ইত্যাদি প্রদর্শন করবে। এছাড়া ভারত ও পাকিস্তানী পণ্যসামগ্রীর সম্পূর্ণ আলাদা প্যাভিলিয়ন মেলার একটি বিশেষ আকর্ষণ। এশিয়ার উৎপাদনকারীদের ঢাকায় একত্রে মিলিত হবার বড় সুযোগ সৃষ্টি করতে এই মেলার গুরুত্ব অপরিসীম।

এশিয়া অঞ্চলের প্রতিষ্ঠানসমূহ এবং উৎপাদনকারীদের ক্রমাগত ভাবে সচল এবং তাদের কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য ‘সেমস্- ইউ.এস.এ. ধারাবাহিক ভাবে আয়োজন করে আসছে “এশিয়ান আন্তর্জাতিক বাণিজ্য মেলা” যা তাদের কার্যক্রমকে আরও উন্নত এবং অন্যান্যদের থেকে সতন্ত্র অবস্থান নিশ্চিত করবে যার ফলে এশিয়ার বাণিজ্যখাত আরও সমৃদ্ধ হবে।

মেলাটি প্রতিদিন সকাল ১০.৩০টা থেকে রাত ৯টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।

----- (সমাপ্ত)